বিদেশ সচিবের নেপাল সফর

বিদেশ সচিব শ্রী বিক্রম মিশ্রী 04 থেকে 05 নভেম্বর 2026 পর্যন্ত নেপালে সরকারি সফর করবেন যাতে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় সম্পর্কে আলোচনা হবে।

2. ভারত ও নেপালের মধ্যে সুদৃঢ় ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে, যা সহযোগিতার বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি লাভ করেছে। বিদেশ সচিবের আসন্ন এই সফর দুই দেশের মধ্যে নিয়মিত উচ্চপর্যায়ের আদান-প্রদানের ঐতিহ্যকে আরও এগিয়ে নিয়ে যাবে এবং সামগ্রিক দ্বিপাক্ষিক অংশীদারিত্বকে আরও জোরদার করতে সহায়ক হবে।

নয়া দিল্লি

02 নভেম্বর, 2026